"It is reality that our capacity for onshore gas exploration is quite satisfactory but for offshore gas exploration we still encourage foreign explorers," he said.

He informed that the government will establish an LPG terminal in Matarbari with a capacity of 12 million tonne where 40 thousand-tonne capacity ship will be

able to come. If it is done, one third cost will be reduced.

"For the first time the BERC fixed coordinated LPG prices in the country. On 7th or 8th July, a meeting will be held again to review the price and the private sector has to convince BERC to review the price. By 2025 we will require about 3 million tonne LPG," said Md. Maqbul-E-Elahi Chowdhury, Member (gas), Bangladesh Energy Regulatory Commission (BERC).

Taking part in the discussion, DCCI President Rizwan Rahman said energy plays a pivotal role in the economic development and industrial progress of a country. The growing energy need for diverse economic operations demand a blended energy mix to offset the shortage of gas, he said.

"To accelerate the industrial growth in a planned and more environment-friendly way, we need to put more focus on the import and production of alternative fuel like LPG and LNG alongside natural gas exploration," he said.

"Considering the rising demand for LPG, LPG bottling and storage facilities need to be installed under the public-private partnership model. However, "tariff fixation" of these fuels needs to be redressed holistically for prioritising rational cost and doing business from an industrial perspective," he suggested.

Engineer Khondokar Saleque Sufi, former Director (Operation), GTCL, Petrobangla, presented the keynote paper. He highlighted that LNG and LPG will be the future fuel for industries in Bangladesh.

Professor Dr. M. Shamsul Alam, Dean, Faculty of Engineering, Daffodil International University, also a leader of CAB, urged protecting the interest of mass consumers as well.

"For RMG industry, LPG/LNG could be a short term solution but the strategic priority is something else. We have 144 LEED green factories and over 500 more are in the pipeline. Thirty-nine out of 100 global top rated LEED certified factories are in Bangladesh. All these green factories are having a significant portion of their energy mix from renewable sources mainly Solar PV," Faruque Hassan, President of BGMEA, told the webinar.

"Solar energy will be the cheapest power source. By the year 2041, 30 per cent of total demand of electricity will come from renewable energy which is 11 to 12 per cent now. By the year 2050, worldwide 85 per cent electricity will come from renewable energy," said Md. Shahriar Ahmed Chowdhury, Assistant Professor and Director, Centre for Energy Research, United International University.



20 JUNE, 2021 SUNDAY

## 'Initiative soon to remove discrimination in gas supply'

► **AA News Desk**

The government will take an initiative soon to remove existing discrimination between Eastern and Western regions of the country in getting gas supply.

Senior secretary to the Energy and Mineral Resources Division Speakers Md. Anisur Rahman made the remarks at a webinar on gas sector titled: "Future of Industrial Fuel Source in Bangladesh: LPG & LNG" organized by Dhaka Chamber of Commerce and Industries (DCCI) on Saturday. "We are examining different options including installation of a floating storage and re-gasification unit (FSRU) at Mongla and Payra ports", he said, reports UNB.

He observed that the people of North-Western region are subjected to discrimination in getting energy supply at cheap rate, especially, natural gas as most of the energy hubs are located in Eastern region. DCCCI President Rizwan Rahman chaired and moderated the virtual seminar, also addressed by Member of Bangladesh Energy Regulatory Commission (BERC) Mokbul-E-Elahi Chowdhury, Advisor of Consumers Association of Bangladesh (CAB) Prof Shamsul Alam, President of Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) Faruque Hassan, Md. Shahriar Ahmed Chowdhury, and Assistant Professor and Director, Centre for Energy Research, United International University (UIU).

Engineer Kohondkar Saleque Sufi,



Former Director (Operation), GTCL, Petrobangla, made a keynote presentation at the online seminar. "So, we're seriously considering different options including setting up of FSRU at Mongla, or at Payra port area and installation of pipeline from Payra to Khulna via Barisal to reach imported gas to Khulna and adjoining areas", he said.

He informed that the government has taken initiative to set up an LPG terminal at Materbari seaport to facilitate low-cost import of petroleum gas as its market size is growing fast. The market size of LPG is 1.2 million ton and already Tk 30,000 crore have been invested in this sector while 29 private LPG operators are now actively operating in the market. The other speakers urged for extensive exploration for natural gas to ensure cost effective energy supply to the industries in future.



# Bangladesh Post

*a daily with a difference*

20 JUNE, 2021 SUNDAY

## Extensive natural gas exploration stressed for cost-effective energy supply

*Business Desk*

Speakers at a webinar on Saturday stressed extensive exploration for natural gas to ensure cost effective energy supply in the industries in future.

They alleged that LNG and LPG are being used in the industries but the volume is very low because of its higher price.

They also opined that still natural gas is very cost effective for our industries. They also emphasized on energy mix and energy diversification.

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) organized the webinar on "Future of Industrial Fuel Source in Bangladesh: LPG & LNG" on Saturday.

Senior Secretary, Energy & Mineral Resources Division, Md. Anisur Rahman joined the webinar as the chief guest. Member (gas), Bangladesh Energy Regulatory Commission (BERC) Md. Maqbul-E-Elahi Chowdhury joined as the special guest. DCCI President Rizwan Rahman chaired and moderated the webinar.

Addressing the webinar, Md. Anisur Rahman, Senior Secretary, Energy & Mineral Resources Division said government has not stopped gas exploration rather 100 million cubic foot gas has been added to the national grid recently. It is good news that we have found new gas



field in Jokigonj from where BAPEX will explore gas.

"Our capacity for onshore gas exploration is quite satisfactory but for offshore gas exploration we still encourage foreign explorers, he said. The market size of LPG is of 12 lakh ton and already 30 thousand crore taka have been invested in this sector. 29 private LPG operators are now active", he added.

DCCI President Rizwan Rahman said that energy plays a pivotal role in the economic development and industrial progress of a country. The growing

energy need for diverse economic operations demand blended energy mix to offset the shortages of gas, he told.

Rizwan Rahman also mentioned that to accelerate the industrial growth in a planned and more environment-friendly way, we need to put more focus on the import and production of alternative fuel like LPG and LNG alongside natural gas exploration. Currently, LNG constitutes 1.2% of the total global import which is around 1000 mmcf against the daily demand while LPG meets 2% of domestic energy demand, he said.

Engineer Kohondkar Saleque Sufi, Former Director (Operation), GTCL, Petrobangla presented the keynote paper.

He highlighted that the LNG and LPG will be the future fuel for industries in Bangladesh. He also said that for a sustainable supply of primary fuel in the industries we need to have a rational planning for utilization of gas.

Md. Maqbul-E-Elahi Chowdhury, Member (gas), Bangladesh Energy Regulatory Commission (BERC) said we have to strengthen BAPEX for gas exploration. At present we have 3300 million



# 'Install pre-paid metres in residential areas to save gas for future'

**By James Poon**

There are numerous benefits to installing pre-paid meters for residential areas in Singapore. They are convenient and convenient for future generations who will be able to use them.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.

They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem. They also ensure the need to go to the nearest gas station for refilling gas is not a problem.



## প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানে জোর দিতে বললেন ব্যবসায়ীরা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ : ২০ জুন ২০২১, ১৪ : ৫৩

f t ↗ অ+ অ- □

দেশের শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিত প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বাড়াতে হবে। একই সঙ্গে বিকল্প জ্বালানি হিসেবে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি ও উৎপাদনে জোর দেওয়া প্রয়োজন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিজি এবং এলএনজি’ শীর্ষক এক অনলাইন আলোচনায় বিভিন্ন খাতের ব্যবসায়ীরা এসব কথা বলেছেন। আজ শনিবার অনুষ্ঠিত এই আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন পেট্রোবাংলার গ্যাস ট্রান্সমিশন কোম্পানির সাবেক পরিচালক (অপারেশন) খন্দকার সালেহ সুফী।

ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বের হয়ে বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হতে হলে শিল্প খাতে চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোনো বিকল্প নেই। সে জন্য দ্রুততার সঙ্গে এলপিজি ও এলএনজি টার্মিনাল স্থাপন করতে হবে। এ ছাড়া খাতটির সার্বিক উন্নয়নে একটি সমন্বিত টেকসই কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।

বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলীহোসেন বলেন, জ্বালানির জন্য শুধু একটি উৎসের ওপর নির্ভরশীল হওয়া উচিত নয়। বাপেক্সকে আরও আধুনিকায়ন করা দরকার। এ ছাড়া দেশের পশ্চিমাঞ্চলে চাহিদার তুলনায় গ্যাসের সরবরাহ কম থাকায় সেখানে আশানুরূপ শিল্পায়ন হচ্ছে না বলে মন্তব্য করেন তিনি।

তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বিজিএমইএর সভাপতি ফারুক হাসান বলেন, বস্ত্রকল, ডাইং ও স্পিনিং কারখানায় দেশের ৭-৮ শতাংশ গ্যাস ব্যবহৃত হয়। পোশাক ও বস্ত্র খাতে এলপিজি ও এলএনজি স্বল্পমেয়াদি সমাধান হতে পারে।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন এম শামসুল আলম বলেন, ভোক্তা পর্যায়ে জ্বালানি মূল্যের যৌক্তিকীকরণ ও ক্ষেত্রবিশেষে মূল্য হ্রাস করা প্রয়োজন। তিনি ভবিষ্যৎ শিল্পায়নের স্বার্থে প্রাকৃতিক গ্যাসকে আরও প্রাধান্য দেওয়ার ওপর জোর দেন।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, বর্তমানে ৩৩০ কোটি ঘনফুট গ্যাসের মধ্যে নিজস্ব খাত থেকে আসে ৭৪ শতাংশ। ২৬ শতাংশের জোগান দেয় তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি)। এই অবস্থা চলতে থাকলে আগামী ২০৩০ সালে দেশীয় উৎপাদন কমে সাড়ে ১৬ শতাংশে নামবে। তাতে শিল্পসহ সব খাতে পণ্য উৎপাদনের ব্যয় বাড়বে। এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর কোনো বিকল্প নেই।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আশা করা যাচ্ছে, জকিগঞ্জ থেকে দীর্ঘ সময় ধরে গ্যাস উত্তোলন করা যাবে। এ জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে। তিনি আরও বলেন, করোনাকালেও ১০ কোটি ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে সংযুক্ত করা হয়েছে।

আনিছুর রহমান জানান, এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সবাই সেদিকে ঝুঁকছে। ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিজি অপারেটর হিসেবে কাজ করছে। তবে অনুমোদন পেয়েছে ৫৬টি। ছোট ছোট জাহাজে এলপিজি আমদানি করায় খরচ বাড়ছে। মাতারবাড়ীতে এলপিজি টার্মিনালের কার্যক্রম চালু হলে খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমবে।



২০ জুন, ২০২১ রবিবার

# জ্বালানি নিরাপত্তায় গ্যাস অনুসন্ধান বাড়াতে হবে

## ■ সমকাল প্রতিবেদক

দেশের ভবিষ্যৎ জ্বালানির নিরাপত্তা নিশ্চিত করতে প্রাকৃতিক গ্যাস অনুসন্ধান বাড়ানো দরকার। জ্বালানি নিরাপত্তার জন্য এটি অন্যতম প্রধান উপায়। তাই চাহিদা অনুযায়ী জ্বালানি জোগান দিতে গ্যাসের অনুসন্ধান বাড়াতে হবে।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিগিজ এবং এলএনজি' শীর্ষক ওয়েবিনারে এসব কথা বলেন বক্তারা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী।

ওয়েবিনারের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা বৃদ্ধিতে প্রায়ই শিল্প খাতে গ্যাস সংকট দেখা যাচ্ছে। দেশের উন্নয়ন লক্ষ্য অর্জনে শিল্প খাতে চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন। তিনি বলেন, শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে

প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বাড়াতে হবে। পাশাপাশি বিকল্প জ্বালানি এলপিগিজ ও এলএনজি আমদানি এবং উৎপাদনের জোর দিতে হবে। দ্রুত এলপিগিজ ও এলএনজি টার্মিনাল স্থাপনের প্রস্তাব দিয়ে তিনি বলেন, এ খাতের সার্বিক উন্নয়নে একটি সমন্বিত টেকসই কর্মপরিকল্পনা প্রণয়ন জরুরি।

আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এখন জকিগঞ্জে কার্যক্রম চালানো হচ্ছে। আশা করা হচ্ছে, সেখান থেকে দীর্ঘসময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে। এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে। তিনি জানান, করোনাকালীন সময়ও ১০০ মিলিয়ন কিউবিক ফুট গ্যাস জাতীয় গ্রিডে সংযুক্ত করা হয়েছে। তা ছাড়া অনশোরে সক্ষমতা থাকায় বাপেকোর মাধ্যমে অনুসন্ধান কার্যক্রম চালানো অব্যাহত রয়েছে।

তিনি বলেন, এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায়

বর্তমানে অনেকেই এদিকে ঝুঁকছেন। এলপিগিজের বাজার প্রায় ১২ লাখ টনের। ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিগিজ অপারেটর হিসেবে কাজ করছে। মোট ৫৬টি কোম্পানিকে অনুমোদন দেওয়া হয়েছে। তিনি আরও জানান, এলপিগিজ ও এলএনজি ব্যবহার ব্যবসাবান্ধব হওয়ার জন্য প্রয়োজনে নীতিমালা ও আইন সংস্কার করা হবে।

মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, বর্তমানে গ্যাসের রিজার্ভ ৬ টিসিএফ। সারাদেশে গ্যাস অনুসন্ধানের জন্য যে ধরনের কার্যক্রম নেওয়া প্রয়োজন ছিল সেগুলো যথাযথভাবে

বাস্তবায়ন করা যায়নি। বর্তমানে ৩৩০০ মিলিয়ন কিউবিক ফুট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদন ৭৪ শতাংশ। বাকি ২৬ শতাংশ আসে এলএনজির মাধ্যমে। এ অবস্থা চলতে থাকলে ২০৩০ সালে দেশীয় উৎপাদনের অংশ হবে ১৬ দশমিক ৫ শতাংশ। আর আমদানি হবে ৮৩ শতাংশ। সেক্ষেত্রে শিল্প খাতসহ সব খাতে ব্যয় বাড়বে। এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর কোনো বিকল্প নেই বলে তিনি মত দেন। তিনি বলেন, এক্ষেত্রে সরকারের পাশাপাশি বেসরকারি খাতকেও এগিয়ে আসতে হবে।

পেট্রোবাংলার গ্যাস ট্রাস্টিমিশন কোম্পানির সাবেক পরিচালক

(অপারেশন) খন্দকার সালেহ সুফী ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, বাংলাদেশের শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি এলপিগিজ ও এলএনজি। এ খাতে প্রাথমিক জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে প্রাকৃতিক গ্যাস ব্যবহারের যৌক্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

আলোচনায় অংশ নেন বিজিএমইএর সভাপতি ফারুক হাসান, বাংলাদেশ স্টিল ম্যানুফেকচার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. এম. শামসুল আলম, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক মো. শাহরিয়ার আহমেদ চৌধুরী, ডিসিসিআই উদ্বর্তন সহসভাপতি এন কে এ মবিন ও সহসভাপতি মনোয়ার হোসেন প্রমুখ।



ঢাকা চেম্বারের  
ওয়েবিনারে  
বক্তারা



# বঙ্গবাজার

২০ জুন, ২০২১, রবিবার সমৃদ্ধির সহযাত্রী

ডিসিসিআইয়ের ওয়েবিনারে বক্তারা

## শিল্প খাতে জ্বালানি সরবরাহ নিশ্চিত গ্যাস অনুসন্ধান বাড়াতে হবে

নিজস্ব প্রতিবেদক ■

২০২৬ সালের মধ্যে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে চায় সরকার। এ লক্ষ্য অর্জনে শিল্প খাতে চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে কোনো বিকল্প নেই। তবে শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে বেশ চ্যালেঞ্জ রয়েছে। এজন্য প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বাড়াতে হবে। পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগ্যাস ও এলএনজি আমদানি এবং উৎপাদনের ওপর জোর দিতে হবে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এক ওয়েবিনার থেকে এসব কথা বলেন বক্তারা। 'বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ: এলপিগ্যাস এবং এলএনজি' শীর্ষক এ ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী। ওয়েবিনারের স্বাগত বক্তব্য রাখেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়া প্রবাসী ও জ্বালানি বিশেষজ্ঞ খন্দকার সালেহ সূফী।

নির্ধারিত আলোচনায় অংশ নেন বিজিএমইএর সভাপতি ফারুক হাসান, বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন ও কনজিউমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) জ্বালানিবিষয়ক উপদেষ্টা অধ্যাপক শামসুল আলম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জ্বালানি বিভাগের সিনিয়র সচিব বলেন, দেশে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের টার্মিনাল নির্মাণ ও দেশীয় গ্যাসের উৎপাদন বাড়ানো গেলে দাম কমানো সম্ভব। বর্তমানে ছোট জাহাজে এলপিগ্যাস আমদানি করায় খরচ বাড়ছে। তবে মাতারবাড়ীতে এলপিগ্যাস টার্মিনালের কার্যক্রম চালু হলে এ খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে যাবে।

দেশীয় শিল্প খাতে এলপিগ্যাস ব্যবহার এখনো অনেক কম বলে জানান সচিব। তবে তিনি বলেন, এলপিগ্যাস ও এলএনজির টার্মিনাল স্থাপন এবং স্থানীয় উৎপাদন বাড়ানোর মাধ্যমে দাম কমানো সম্ভব। ২০১৯-২০ অর্থবছরে ১০ লাখ টন এলপিগ্যাস আমদানি হয়েছিল, যার মধ্যে ১ শতাংশ ব্যবহার হয়েছে—এমন তথ্য উল্লেখ করেন মো. আনিছুর রহমান। এ সময় তিনি দেশে নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হওয়ার কথা উল্লেখ করে বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। জকিগঞ্জে সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে। আশা করা যাচ্ছে, সেখান থেকে দীর্ঘসময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে। এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে। করোনা মহামারীকালীন সময়ও ১০০ মিলিয়ন কিউবিক ফুট গ্যাসজাতীয় খিড়ে সংযুক্ত করা হয়েছে। এছাড়া বাপেক্সের মাধ্যমে অনুসন্ধান কার্যক্রম চালানো অব্যাহত রয়েছে।

দেশে গ্যাসের মজুদ দ্রুত ফুরিয়ে আসছে বলে উল্লেখ করেন মকবুল-ই-ইলাহী চৌধুরী। তিনি বলেন, আমাদের আর ছয় টিসিএফ গ্যাস মজুদ রয়েছে। গত ২০ বছরে আমরা যে পরিমাণ গ্যাস তুলেছি, তার আংশিকও আমরা অনুসন্ধান করতে পারিনি।

তিনি আরো বলেন, বর্তমানে দেশে যে পরিমাণ গ্যাস সরবরাহ করা হচ্ছে তার ৭৪ শতাংশ দেশীয় উৎস থেকে উত্তোলন করা হচ্ছে। বাকি ২৬ শতাংশ এলএনজি আমদানি করে ঘাটতি মেটানো হচ্ছে। দিনে দিনে যে পরিমাণ আমদানিনির্ভর হয়ে পড়ছে, তাতে আগামীতে আমদানীকৃত এলএনজি দিয়ে ব্যবসা-বাণিজ্য পরিচালনা করা কঠিন হয়ে পড়বে। ফলে এ সংকট সমাধানে অনুসন্ধানের কোনো বিকল্প নেই।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি বলেন, গত পাঁচ দশকে শিল্প খাতের গতিধারা চলমান রাখতে জ্বালানির অন্যতম জোগানদাতা হিসেবে ভূমিকা রাখছে প্রাকৃতিক গ্যাস। তবে আমাদের অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণ হচ্ছে। ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বাড়ছে। এ কারণে প্রায়ই শিল্প খাতে জ্বালানি সংকট দেখা যাচ্ছে।

বর্তমানে দেশের অভ্যন্তরীণ চাহিদার ২ শতাংশ এলপিগ্যাসের মাধ্যমে পূরণ করা হয় উল্লেখ করে ডিসিসিআই সভাপতি বলেন, প্রান্তিক পর্যায়ে গৃহস্থালি ও শিল্প খাতে এলপিগ্যাস এবং এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় নিতে হবে। পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিত করতে হবে।

এজন্য তিনি দ্রুততার সঙ্গে এলপিগ্যাস ও এলএনজি টার্মিনাল স্থাপনে সরকারের প্রতি আহ্বান জানান। পাশাপাশি এ খাতের সার্বিক উন্নয়নে একটি সমন্বিত টেকসই কর্মপরিকল্পনা প্রণয়নে জোরারোপ করেন।

ওয়েবিনারে দেশে তৈরি পোশাক শিল্পে গ্যাসের ব্যবহার-প্রয়োজনীয়তা ও শিল্পের প্রসারসহ খাতসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন বিজিএমইএ সভাপতি ফারুক হাসান। তিনি বলেন, সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল

দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্প খাতের চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোনো বিকল্প নেই।

মূল প্রবন্ধে খন্দকার সালেহ সূফী বলেন, বাংলাদেশের শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি হলো এলপিগ্যাস ও এলএনজি। শিল্প খাতে প্রাথমিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকল্পে আমাদের প্রাকৃতিক গ্যাস ব্যবহারের যৌক্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। গ্যাস অনুসন্ধান বর্তমানে বাংলাদেশের গৃহীত পদক্ষেপগুলো যুগোপযোগী নয় মন্তব্য করেন তিনি।

আমের আলী হোসেন বলেন, জ্বালানির জন্য শুধু একটি উৎসের ওপর নির্ভরশীল হওয়া উচিত নয়। সেই লক্ষ্যে বিভিন্ন খাত হতে জ্বালানি উৎপাদন ও জ্বালানির বহুমুখীকরণে আরো বেশি গুরুত্বারোপ করা প্রয়োজন।

অধ্যাপক শামসুল আলম বলেন, জ্বালানির দাম নির্ধারণের বিষয়ে সবাইকে আরো প্রতিযোগী সক্ষম হতে হবে। এজন্য ভোক্তা পর্যায়ে জ্বালানি মূল্যের যৌক্তিকীকরণ ও ক্ষেত্র বিশেষে মূল্য হ্রাসের আহ্বান জানান তিনি। পাশাপাশি ভবিষ্যৎ শিল্পায়নের স্বার্থে প্রাকৃতিক গ্যাসকে আরো বেশি প্রধান্য দেয়া প্রয়োজন বলে মত প্রকাশ করেন অধ্যাপক শামসুল আলম।

ওয়েবিনারে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক মো. শাহরিয়ার আহমেদ চৌধুরী, ডিসিসিআই পরিচালক আরমান হক, প্রাক্তন পরিচালক নূহের লতিফ খান, আহ্বায়ক মালিক তালহা ইসমাইল বারী, উর্ধ্বতন সহসভাপতি এনকেএ মবিন, সহসভাপতি মনোয়ার হোসেন প্রমুখ অংশ নেন।





২০ জুন, ২০২১ রবিবার

ঢাকা চেম্বার আয়োজিত ওয়েবিনারে বক্তারা

# সহনশীল দামে এলপিগিজ এবং এলএনজি সরবরাহে অবকাঠামো উন্নত করতে হবে

## ■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশে শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি হলো এলপিগিজ (তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস) ও এলএনজি (তরলীকৃত প্রকৃতিক গ্যাস)। শিল্প খাতে প্রাথমিক জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে প্রাকৃতিক গ্যাস ব্যবহারের যৌক্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। গ্যাস অনুসন্ধানে বর্তমানে বাংলাদেশের গৃহীত পদক্ষেপসমূহ যুগোপযোগী নয় এবং অনুসন্ধানের ক্ষেত্রে সারা পৃথিবীতে বাংলাদেশ ৩০তম স্থানে রয়েছে। সহনশীল দামে এলপিগিজ ও এলএনজি সরবরাহের লক্ষ্যে অবকাঠামো উন্নয়নে জোর দিতে হবে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিগিজ ও এলএনজি’ শীর্ষক ওয়েবিনারে এ তথ্য জানানো হয়। গতকাল শনিবার অনুষ্ঠিত ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. আনিছুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী।

ওয়েবিনারের স্বাগত বক্তব্যে ডিসিসিআইয়ের সভাপতি রিজওয়ান রাহমান শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বৃদ্ধির পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগিজ ও এলএনজি আমদানির ওপর জোর দেন।

প্রধান অতিথির বক্তব্যে জ্যেষ্ঠ সচিব মো. আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জকিগঞ্জে সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে। আশা করা যাচ্ছে, সেখান থেকে দীর্ঘ সময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে। তিনি বলেন, করোনা মহামারির সময়েও ১০ কোটি কিউবিক ফিট গ্যাস জাতীয় গ্রিডে সংযুক্ত করা হয়েছে। এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সবাই এর দিকে ঝুঁকছে, এলপিগিজের বাজার প্রায় ১২ লাখ টন এবং ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিগিজ অপারেটর হিসেবে কাজ করছে। তবে ৫৬টি কোম্পানিকে অনুমোদন দেওয়া হয়েছে। তিনি জানান, ছোট ছোট জাহাজে এলপিগিজ আমদানি করায় খরচ বাড়ছে, তবে মাতারবাড়ীতে এলপিগিজ টার্মিনালের কার্যক্রম চালু হলে এই খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে আসবে। দেশীয় শিল্প খাতে এলপিগিজ ব্যবহার এখনো অনেক কম। তবে এলপিগিজ ও এলএনজির টার্মিনাল স্থাপন এবং স্থানীয় উৎপাদন বাড়ানোর মাধ্যমে দাম কমানো সম্ভব।

মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, বর্তমানে আমাদের গ্যাসের রিজার্ভ ছয় টিসিএফ এবং সারা দেশে গ্যাস অনুসন্ধানের জন্য যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন ছিল, সেগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা যায়নি। তিনি জানান, বর্তমানে ৩ হাজার ৩০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদিত গ্যাসের ৭৪ শতাংশ আসে নিজস্ব খাত থেকে, বাকি ২৬ শতাংশ আসে এলএনজি থেকে এবং এই অবস্থা চলতে থাকলে ২০৩০ সালে দেশীয় উৎপাদন হবে ১৬ দশমিক ৫ শতাংশ এবং আমদানি খাত থেকে আসবে ৮৩ শতাংশ। সে ক্ষেত্রে শিল্প খাতসহ সব খাতে ব্যয় বাড়বে। এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর কোনো বিকল্প নেই বলে তিনি মত প্রকাশ করেন। পেট্রোবাংলার গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেডের প্রাক্তন পরিচালক (অপারেশন) ইঞ্জিনিয়ার খন্দকার সালেহ সুফী ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বিজিএমইএর সভাপতি ফারুক হাসান, বাংলাদেশ স্টিল ম্যানুফেকচার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. এম শামসুল আলম এবং ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক মো. শাহরিয়ার আহমেদ চৌধুরী অংশগ্রহণ করেন।

অধ্যাপক ড. এম শামসুল আলম বলেন, জ্বালানির দাম নির্ধারণের বিষয়ে সবাইকে আরো প্রতিযোগী সক্ষম হতে হবে এবং ভোক্তা পর্যায়ে জ্বালানি মূল্যের যৌক্তিকীকরণ, ক্ষেত্রবিশেষে মূল্য হ্রাসের আহ্বান জানান। বিজিএমইএর সভাপতি ফারুক হাসান বলেন, তৈরি পোশাক ও ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্প খাতে গ্যাস অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং টেক্সটাইল, ডাইং, স্পিনিং প্রভৃতি খাতে দেশের সাত-আট শতাংশ গ্যাস ব্যবহৃত হয়।



# কালের কণ্ঠ

২০ জুন, ২০২১ রবিবার

ভার্চুয়াল আলোচনায় বক্তারা

## এলপিজি-এলএনজি আমদানি বাড়াতে হবে

নিজস্ব প্রতিবেদক >

বাংলাদেশের শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি হলো এলপিজি ও এলএনজি। শিল্প খাতের চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বাড়ানোর পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিজি-এলএনজি আমদানি এবং উৎপাদনের ওপর আরো গুরুত্ব দিতে হবে। সেই সঙ্গে সরকারঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্প খাতের চাহিদা অনুযায়ী জ্বালানি সরবরাহ নিশ্চিত করার বিকল্প নেই। গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিজি এবং এলএনজি’ শীর্ষক ভার্চুয়াল ওয়েবিনারে বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব আনিছুর রহমান।

তিনি বলেন, ‘আমাদের গ্যাসক্ষেত্রের সন্ধান করতে হবে। এটা না হলে আগামী দুই থেকে তিন বছর পর কী হবে বলা মুশকিল। তবে আশা করছি, নতুন নতুন গ্যাসক্ষেত্র আমরা পাব। কেউ গ্যাসের অপচয় করবেন না, অবৈধ সংযোগ নেবেন না। কেউ গ্যাস চুরি করে ব্যবহার করবেন, আর কেউ বৈধভাবে টাকা দিয়েও গ্যাস পাবেন না—এটা হতে পারে না। কোনো কারচুপি সহ্য করা হবে না। যাঁরা অবৈধ সংযোগ নেবেন, তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

এলপিজি নিয়ে তিনি বলেন, এলপিজির বাজার প্রায় ১২ লাখ টন এবং ২৯টি কম্পানি স্থানীয় বাজারে এলপিজি অপারেটর হিসেবে কাজ করেছে। তবে ৫৬টি কম্পানিকে অনুমোদন দেওয়া হয়েছে। ছোট ছোট জাহাজে এলপিজি আমদানি করায় খরচ বাড়ছে। তবে মাতারবাড়ীতে এলপিজি টার্মিনালের কার্যক্রম চালু হলে এ খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে যাবে। এরই মধ্যে এলপিজি খাতে ৩০ হাজার কোটি টাকার মতো বিনিয়োগ হয়েছে। এলপিজি ব্যবসার মধ্যে একটা ঝুঁকি আছে, যা অনেকেই জানেন না। একেকটি সিলিন্ডারের পেছনে খরচ হয় প্রায় দুই হাজার থেকে দুই হাজার ২০০ টাকা। বিইআরসি যে এলপিজির দাম ঠিক করেছিল সেখানে এই বিষয়টি বিবেচনায় নিয়েছিল।

তিনি আরো বলেন, ‘এলপিজি অপারেটরদের

অনুমোদনের জন্য ২৮ ধরনের লাইসেন্স দরকার হয়। কেন ২৮ ধরনের লাইসেন্স দরকার হয়। বার্ষিক নবায়ন ফি দিতে হয় এক কোটি টাকার বেশি, যা কমানো প্রয়োজন। ব্যবসাবান্ধব হওয়ার জন্য প্রয়োজন হলে নীতিমালা ও আইন সংস্কার করা হবে। ব্যবসাবান্ধবের জন্য যা যা করা দরকার, আমরা করব।’

বিশেষ অতিথির বক্তব্যে বিইআরসির সদস্য (গ্যাস) মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, ‘বর্তমানে আমাদের গ্যাসের রিজার্ভ ছয় টিসিএফ এবং সারা দেশে গ্যাস অনুসন্ধানের জন্য যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন ছিল, সেগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা যায়নি। বর্তমানে তিন হাজার ৩০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদিত গ্যাসের ৭৪ শতাংশ আসে নিজস্ব খাত থেকে, বাকি ২৬ শতাংশ আসে এলএনজি থেকে। এ অবস্থা চলতে থাকলে ২০৩০ সালে দেশীয় উৎপাদন হবে ১৬.৫ শতাংশ এবং আমদানি খাত থেকে আসবে ৮৩ শতাংশ। সে ক্ষেত্রে শিল্প খাতসহ সব খাতে ব্যয় বাড়বে। এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর বিকল্প নেই। এর জন্য সরকারের সঙ্গে বেসরকারি খাতকেও এগিয়ে আসতে হবে।’

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পেট্রোবাংলার গ্যাস ট্রান্সমিশন কম্পানি লিমিটেডের সাবেক পরিচালক (অপারেশন) ইঞ্জিনিয়ার খন্দকার সালেহ সুফী। তিনি বলেন, ‘বাংলাদেশের শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি হলো এলপিজি ও এলএনজি। শিল্প খাতে প্রাথমিক জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে আমাদের প্রাকৃতিক গ্যাস ব্যবহারের যৌক্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। সহনশীল দামে এলপিজি ও এলএনজি সরবরাহের লক্ষ্যে অবকাঠামো উন্নয়নেরও জোর দিতে হবে।’

অনুষ্ঠানে স্বাগত বক্তা ও সঞ্চালক হিসেবে ছিলেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান। এ ছাড়া বক্তব্য দেন বিজিএমইএর সভাপতি ফারুক হাসান, বাংলাদেশ স্টিল ম্যানুফেকচার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. এম শামসুল আলম, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক শাহরিয়ার আহমেদ চৌধুরী।



২০ জুন, ২০২১ রবিবার

# ডিসিসিআইর ওয়েবিনার এলপিজি অপারেটরদের নবায়ন ফি কমানো প্রয়োজন : জ্বালানি সচিব

নিজস্ব প্রতিবেদক

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. আনিছুর রহমান বলেছেন, তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলপিজি) অপারেটরদের অনুমোদনের জন্য ১৮ ধরনের লাইসেন্স দরকার। এ জন্য তাদের বার্ষিক নবায়ন ফি দিতে হয় ১ কোটি টাকার বেশি। এটি কমানো প্রয়োজন। তিনি আরও বলেন, এলপিজি খাতে প্রায় ৩০ হাজার কোটি টাকার বিনিয়োগ হয়েছে। ব্যবসাবান্ধব করতে প্রয়োজনে নীতিমালা ও আইন সংস্কার করা হবে। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিজি এবং এলএনজি’ শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মো. আনিছুর রহমান বলেন, এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় সবাই এ খাতে ঝুঁকছেন। দেশে এলপিজির বাজার প্রায় ১২ লাখ টন। ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিজি অপারেটর হিসেবে কাজ করছে। তবে ৫৬টি কোম্পানিকে অনুমোদন দেওয়া হয়েছে। তিনি জানান, ছোট ছোট জাহাজে এলপিজি আমদানি করায় খরচ বাড়ছে। তবে মাতারবাড়ীতে এলপিজি টার্মিনালের কার্যক্রম চালু হলে এ খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে আসবে। জ্বালানি সচিব বলেন, দেশীয় শিল্প খাতে এলপিজির ব্যবহার এখনো অনেক কম। তবে এলপিজি ও এলএনজির টার্মিনাল স্থাপন এবং স্থানীয় উৎপাদন বাড়ানোর মাধ্যমে দাম কমানো সম্ভব। তিনি জানান, ২০১৯-২০ অর্থবছরে ১০ লাখ মেট্রিক টন এলপিজি আমদানি হয়েছিল। যার মধ্যে শতকরা ১ ভাগ ব্যবহার হয়েছে শিল্প খাতে। সিরামিক, মোটরসাইকেল, বাইসাইকেল, স্টিল ও চা শিল্পেই বেশি ব্যবহার করা হয়।

ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বৃদ্ধির পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিজি ও এলএনজি আমদানি এবং উৎপাদনের ওপর গুরুত্ব দিতে হবে। শিল্প খাতে এলপিজি এবং এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিতকরণের আহ্বান জানান ঢাকা চেম্বারের সভাপতি। তিনি দ্রুততার সঙ্গে এলপিজি ও এলএনজি টার্মিনাল স্থাপনে সরকারের প্রতি আহ্বান জানান।





Home > বাণিজ্য সংবাদ > এলপিজি মূল্য নির্ধারণে ব্যবসায়ীদের মতামত বিবেচনায় নেয়ার দাবি

# এলপিজি মূল্য নির্ধারণে ব্যবসায়ীদের মতামত বিবেচনায় নেয়ার দাবি

ঢাকা, ১৫ জুন, ২০২১ (বাসস) : তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) অপারেটররা আজ এলপিজি মূল্য নির্ধারণের বিষয়ে তাদের মতামত বিবেচনা করার জন্য বাংলাদেশ জ্বালানি নিয়ন্ত্রক কমিশনের (বিইআরসি) প্রতি আহ্বান জানিয়েছেন।

এলপিজি অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এলওএবি) সভাপতি আজম জে চৌধুরী বলেন, আমরা এই দাবি জানাচ্ছি যে, বিইআরসি এলপিজির দাম নির্ধারণ করার সময় আমাদের মতামত বিবেচনা করবে। কারণ বর্তমান সরকারের আমলে এলপিজি শিল্প দ্রুত বিকাশ লাভ করছে।

ইন্টার-কন্টিনেন্টাল হোটেলে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, এলপিজি অপারেটররা বিইআরসি নির্ধারিত এলপিজি মূল্যের কারণে সংকটের সম্মুখীন হচ্ছে।

চৌধুরী বলেন, সরকার যদি চায় এই খাত অব্যাহত থাকুক, তাহলে বিইআরসির উচিত বাস্তব সম্মত মূল্য নির্ধারণ করা। সরকার দেশে এলপিজি খাতের উন্নতির জন্য বেসরকারী খাতকে সহায়তা করে চলেছে।

তিনি আরও বলেন, জিডিপিতে আমরা ১০ শতাংশ অবদান রাখতে চাই। আমাদের বিনিয়োগের পরিমাণ ৩০ হাজার কোটি টাকা। কিন্তু বিইআরসি একতরফা মূল্য নির্ধারণ করার কারণে এলপিজি শিল্প ধ্বংস হতে যাচ্ছে। চলতি বছরের ১২ এপ্রিল, বিইআরসি প্রথমবারের মতো সরকারী এবং বেসরকারী উভয় অপারেটর দ্বারা সরবরাহ করা এলপিজির খুচরা মূল্য নির্ধারণ করে।

এলওএবি সভাপতি বলেন, সৌদি আরামকোর চুক্তি মূল্যের (সিপি) উপর ভিত্তি করে পণ্যের দাম নির্ধারণ করা সঠিক। তবে অন্যান্য কিছু বিষয় অযৌক্তিক।

ওমেরা এলপিজি, ওরিয়ন এলপিজি, বসুন্ধরা এলপিজি, যমুনা এলপিজি এবং জেএমআই এলপিজি-র প্রতিনিধিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বেসরকারি গ্যাস উৎপাদকদের সরবরাহ করা ১২ কেজি এলপিজি সিলিন্ডারের খুচরা মূল্য ৬৪ টাকা কমিয়ে ৯০৬ টাকা থেকে ৮৪২ টাকা করা হয়েছে যা জুন থেকে কার্যকর করা হয়েছে। রাষ্ট্রীয় মালিকানাধীন উৎপাদকের ১২.৫ কেজি এলপিজি সিলিন্ডারের খুচরা মূল্য বেসরকারী খাতের চেয়ে কম অর্থাৎ ৫৯১ টাকা থাকবে।



# দেশ রূপান্তর

২০ জুন, ২০২১ রবিবার

ডিসিসিআইর ওয়েবিনার

## গ্যাস অনুসন্ধানই জ্বালানি নিরাপত্তার অন্যতম উপায়

নিজস্ব প্রতিবেদক

প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানই ভবিষ্যতের জ্বালানি নিরাপত্তার অন্যতম উপায়। একই সঙ্গে বিকল্প জ্বালানি হিসেবে এলপিগ্যাস ও এলএনজি আমদানি এবং উৎপাদনে আরও বেশি গুরুত্ব দিতে হবে।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিগ্যাস এবং এলএনজি’ শীর্ষক ওয়েবিনারে এসব কথা বলেন বিশেষজ্ঞ ও ব্যবসায়ীরা। ওয়েবিনারে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত পাঁচ দশকে শিল্প খাতের গতি চলমান রাখতে প্রাকৃতিক গ্যাস অন্যতম জ্বালানি হিসেবে ভূমিকা রাখছে। তবে আমাদের অর্থনৈতিক কার্যক্রম সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বাড়ছে। এতে প্রায়ই শিল্প খাতে জ্বালানির সংকট দেখা যাচ্ছে।

তিনি বলেন, ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্প খাতের চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিতের কোনো বিকল্প নেই। শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিত প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বাড়ানোর পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগ্যাস ও এলএনজি আমদানি, উৎপাদনে বেশি গুরুত্ব দিতে হবে। বর্তমানে অভ্যন্তরীণ চাহিদার ২ শতাংশ এলপিগ্যাস মাধ্যমে

মেটানো হয়। ডিসিসিআই সভাপতি বলেন, এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিত করা উচিত। তিনি দ্রুত এলপিগ্যাস ও এলএনজি টার্মিনাল স্থাপনে সরকারের প্রতি আহ্বান জানান।

জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। জরিপে সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে। সেখান থেকে দীর্ঘ সময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব

২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে  
উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা  
অর্জন করতে হলে শিল্প খাতের  
চাহিদামতো জ্বালানি সরবরাহ  
নিশ্চিতের বিকল্প নেই

হবে বলে আশা করছেন তিনি। ইতিমধ্যে এলপিগ্যাস খাতে প্রায় ৩০ হাজার কোটি টাকার মতো বিনিয়োগ হয়েছে। ব্যবসাবান্ধব হতে প্রয়োজন হলে নীতিমালা ও আইন সংস্কার করা হবে। এলপিগ্যাস অপারেটরদের অনুমোদনের জন্য ১৮ ধরনের লাইসেন্স দরকার। বার্ষিক নবায়ন ফি দিতে হয় ১ কোটির বেশি, যা কমানো প্রয়োজন, উল্লেখ করেন তিনি। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস)

মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, বর্তমানে আমাদের গ্যাসের রিজার্ভ ৬ টিসিএফ এবং সারা দেশে গ্যাস অনুসন্ধান যে ধরনের কার্যক্রম নেওয়া প্রয়োজন ছিল, সেগুলোর যথাযথ বাস্তবায়ন করা যায়নি।

তিনি জানান, বর্তমানে ৩ হাজার ৩০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদিত গ্যাসের ৭৪ শতাংশ আসে নিজস্ব খাত থেকে। বাকি ২৬ শতাংশ আসে এলএনজি থেকে। এ অবস্থা চলতে থাকলে ২০৩০ সালে দেশীয় উৎপাদন হবে ১৬ দশমিক ৫ এবং আমদানি খাত থেকে আসবে ৮৩ শতাংশ। সে ক্ষেত্রে শিল্প খাতসহ সব খাতে ব্যয় বাড়বে। এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর কোনো বিকল্প নেই বলে তিনি মত প্রকাশ করেন এবং এ ক্ষেত্রে সরকারের সঙ্গে বেসরকারি খাতকে এগিয়ে আসতে হবে। মূল প্রবন্ধে পেট্রোবাংলার গ্যাস ট্রান্সমিশন কোম্পানির সাবেক পরিচালক (অপারেশন) ইঞ্জিনিয়ার খন্দকার সালেহ সূফী বলেন, দেশের শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি এলপিগ্যাস ও এলএনজি। শিল্প খাতে প্রাথমিক জ্বালানি সরবরাহ নিশ্চিত আমাদের প্রাকৃতিক গ্যাস ব্যবহারের যৌক্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। অধ্যাপক মো. শাহরিয়ার আহমেদ চৌধুরী বলেন, ২০৫০ সাল নাগাদ সারা বিশ্বে মোট বিদ্যুৎ উৎপাদনের ৮৫ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎস থেকে আসবে। যেখানে বাংলাদেশে ২০৪১ সালের মধ্যে মোট বিদ্যুতের ৩০ শতাংশ নবায়নযোগ্য খাত থেকে আসার পরিকল্পনা রয়েছে।



২০ জুন, ২০২১ রবিবার

জ্বালানি নিরাপত্তা নিয়ে ঢাকা চেম্বারের ওয়েবিনার

# ‘প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানই অন্যতম উপায়’

অর্থনৈতিক রিপোর্টার : শিল্পখাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানই ভবিষ্যতের জ্বালানি নিরাপত্তার অন্যতম উপায়। একইসঙ্গে বিকল্প জ্বালানি হিসেবে এলপিগ্যাস ও এলএনজি আমদানি এবং উৎপাদনের উপর আরও বেশি গুরুত্ব দিতে হবে। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-ডিসিসিআই আয়োজিত ‘বাংলাদেশের শিল্পখাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিগ্যাস ও এলএনজি’ শীর্ষক ওয়েবিনারে এসব কথা বলেন বিশেষজ্ঞ ও ব্যবসায়ীরা।

ওয়েবিনারের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ৫ দশকে শিল্পখাতের গতিধারাকে চলমান রাখতে প্রাকৃতিক গ্যাস অন্যতম জ্বালানি হিসেবে ভূমিকা পালন করেছে। তবে আমাদের অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধির কারণে প্রায়ই শিল্পখাতে জ্বালানি সংকট দেখা যাচ্ছে। তিনি বলেন, সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্পখাতের চাহিদামত জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোনো বিকল্প নেই। সেই সঙ্গে এখাতে পরিকল্পিত উপায়ে পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত করতে হবে। শিল্পখাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বৃদ্ধির পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগ্যাস ও এলএনজি আমদানি এবং উৎপাদনের উপর আরও বেশি হারে গুরুত্ব দিতে হবে।

বর্তমানে আভ্যন্তরীণ চাহিদার ২ শতাংশ এলপিগ্যাসের মাধ্যমে মেটানো হয় উল্লেখ করে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে, পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিত করা। তিনি দ্রুততার সঙ্গে এলপিগ্যাস ও এলএনজি টার্মিনাল স্থাপনে সরকারের প্রতি আহ্বান জানান, পাশাপাশি

এখাতের সার্বিক উন্নয়নে একটি সমন্বিত টেকসই কর্মপরিকল্পনা প্রণয়নের জোরারোপ করেন।

প্রধান অতিথির বক্তব্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জরিপে সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে, আশা করা যাচ্ছে, সেখান থেকে দীর্ঘ সময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে। এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে

হবে। করোনা মহামারিকালীন ১০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস জাতীয় খিডে সংযুক্ত করা হয়েছে।

তিনি জানান, অনশোরে সক্ষমতা থাকায় বাপেব্লের মাধ্যমে অনুসন্ধান কার্যক্রম চালানো অব্যাহত রয়েছে। এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সকলেই এর দিকে ঝুঁকছে, এলপিগ্যাসের বাজার প্রায় ১২ লাখ টন এবং ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিগ্যাস অপারেটর হিসেবে কাজ করছে।

তবে ৫৬টি কোম্পানিকে অনুমোদন দেয়া হয়েছে। ছোট ছোট জাহাজে এলপিগ্যাস আমদানি করায় খরচ বাড়ছে, তবে মাতারবাড়িতে এলপিগ্যাস টার্মিনালের কার্যক্রম চালু হলে, এ খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। দেশীয় শিল্পখাতে এলপিগ্যাসের ব্যবহার এখনও অনেক কম, তবে এলপিগ্যাস ও এলএনজির টার্মিনাল স্থাপন এবং স্থানীয় উৎপাদন বাড়ানোর মাধ্যমে দাম কমানো সম্ভব।

মো. আনিছুর রহমান জানান, ২০১৯-২০ অর্থবছরে ১০ লাখ মেট্রিকটন এলপিগ্যাস আমদানি হয়েছিল, যার মধ্যে ১ শতাংশ ব্যবহার হয়েছে শিল্পখাতে এবং সিরামিক, মোটরসাইকেল, বাইসাইকেল, স্টিল ও চা শিল্পেই বেশি ব্যবহার করা হয়। ইতোমধ্যে এলপিগ্যাস খাতে প্রায় ৩০ হাজার কোটি টাকার মত বিনিয়োগ হয়েছে।





২০ জুন, ২০২১ রবিবার

## চুরির কারণে অনেকে বৈধ গ্যাস সংযোগ পাচ্ছেন না -জ্বালানি সচিব

### ■ যাযদি রিপোর্ট

জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. আনিসুর রহমান বলেছেন, যারা অবৈধ গ্যাস সংযোগ নেবেন, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। কেউ গ্যাস চুরি করে ব্যবহার করবেন, আর কেউ বৈধভাবেটাকা দিয়েও গ্যাস পাবেন না-এটা হতে পারে না। এসবকাজুপি সহ্য করা হবে না। মূলত গ্যাস চুরির কারণেই অনেকে বৈধ সংযোগ পাচ্ছেন না বলে উল্লেখ করেন তিনি।

শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-ডিসিসিআই আয়োজিত ভার্চুয়াল সভায় তিনি এসবকথা বলেন। ডিসিসিআই সভাপতি রিজওয়ান রহমানের পরিচালনায় আয়োজিত অনুষ্ঠানে

অন্যদের মধ্যে বক্তৃতা করেন বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী, বিজিএমইএ সভাপতি ফারুক হাসান, ডিসিসিআই পরিচালক আরমান হক, সাবেক পরিচালক নূহের প্রতিফ খান, আস্থায়ক মালিক তালহা ইসমাইল বারী প্রমুখ।

সচিব বলেন, উদ্যোক্তারা পরিবেশবান্ধব প্রোজেক্ট নিয়ে কারখানা তৈরি করবেন। সেখানে হাজার হাজার কোটি টাকার বিনিয়োগ, কোটি কোটি টাকার রেভিনিউ অর্জন হয়। এরপরেও কীভাবে আপনারা গ্যাস লাইন নিয়েও কারখানার আশ্রয় নেন। অপর দিকে এখনো দেশীয় শিল্পক্ষেত্রে এলপিগ্যাসের ব্যবহার অনেক কম। এইটা হয়তো দামের কারণে। তবে এলপিগ্যাস ও এলএনজি'র টার্মিনাল স্থাপন এবং স্থানীয় উৎপাদন বাড়ানোর মাধ্যমে দাম কমানো সম্ভব। একটা সময় এলএনজির ব্যবহারের সঙ্গে সবকিছুই সহজ হবে, নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, বর্তমানে আমাদের গ্যাসের রিজার্ভ খুব একটা বেশি নেই। আর সারাদেশে গ্যাস অনুসন্ধানের জন্য যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন ছিল, সেগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা যায়নি।

ডিসিসিআই সভাপতি রিজওয়ান রহমান বলেন, গত ৫ দশকে শিল্পক্ষেত্রে গতিধারাকে চলমান রাখতে প্রাকৃতিক গ্যাস জ্বালানির অন্যতম যোগদান হিসেবে ভূমিকা পালন করেছে। তবে আমাদের অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধির কারণে প্রায়ই শিল্পক্ষেত্রে জ্বালানি সংকট দেখা যাচ্ছে।



২০ জুন, ২০২১ রবিবার

# প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানই জ্বালানি নিরাপত্তার অন্যতম উপায়

স্টাফ রিপোর্টার ॥ শিল্পখাতে  
চাহিদামাফিক জ্বালানি সরবরাহ

ঢাকা চেম্বারের  
ওয়েবিনার

নিশ্চিত করতে প্রাকৃতিক গ্যাস  
অনুসন্ধানই ভবিষ্যতের জ্বালানি

নিরাপত্তার অন্যতম উপায়। একই  
সঙ্গে বিকল্প জ্বালানি হিসেবে  
এলপিগ্যাস ও এলএনজি আমদানি  
এবং উৎপাদনের ওপর আরও  
বেশি গুরুত্ব দিতে হবে। শনিবার  
ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড  
ইন্ডাস্ট্রি-ডিসিসিআই আয়োজিত  
'বাংলাদেশের শিল্পখাতের জ্বালানি  
(১২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

উৎসের ভবিষ্যত : এলপিগ্যাস এবং  
এলএনজি' শীর্ষক ওয়েবিনারে এসব  
কথা বলেন বিশেষজ্ঞ ও ব্যবসায়ীরা।  
ওয়েবিনারের স্বাগত বক্তব্যে  
ডিসিসিআই সভাপতি রিজওয়ান  
রাহমান বলেন, গত ৫ দশকে  
শিল্পখাতের গতিধারাকে চলমান  
রাখতে প্রাকৃতিক গ্যাস অন্যতম  
জ্বালানি হিসেবে ভূমিকা পালন  
করেছে। তবে আমাদের অর্থনৈতিক  
কার্যক্রমের সম্প্রসারণের ফলে  
জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধির  
কারণে প্রায়ই শিল্পখাতে জ্বালানি  
সঙ্কট দেখা যাচ্ছে। তিনি বলেন,  
সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে  
বাংলাদেশকে উন্নয়নশীল দেশের  
লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে  
শিল্পখাতের চাহিদামতো জ্বালানি  
সরবরাহ নিশ্চিত করার কোন বিকল্প  
নেই। সেই সঙ্গে এখাতে পরিকল্পিত  
উপায়ে পরিবেশবান্ধব জ্বালানি  
ব্যবহার নিশ্চিত করতে হবে।



# সংবাদ

## বাংলাদেশের মুখপত্র

২০ জুন, ২০২১ রবিবার

# শিল্প খাতে জ্বালানির উৎস শীর্ষক ওয়েবিনারে বক্তারা প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানই জ্বালানি নিরাপত্তার অন্যতম উপায়

## অর্থনৈতিক বার্তা পরিবেশক

ভবিষ্যতের জ্বালানি নিরাপত্তার উপায় হিসেবে প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানের প্রতি গুরুত্বারোপ করেছেন বক্তারা। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ: এলপিগিজ এবং এলএনজি' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী। ওয়েবিনারে বক্তারা এসব কথা বলেন। ওয়েবিনারের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, 'গত ৫ দশকে শিল্প খাতের গতিধারাকে চলমান রাখতে প্রাকৃতিক গ্যাস জ্বালানির অন্যতম যোগদান হিসেবে ভূমিকা পালন করেছে। তবে আমাদের অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধির কারণে প্রায়ই শিল্প খাতে জ্বালানি সংকট দেখা যাচ্ছে। সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্প খাতের চাহিদামত জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোন বিকল্প নেই। সেই সঙ্গে এ খাতে পরিকল্পিত উপায়ে পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত করতে হবে। শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বৃদ্ধির পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগিজ ও এলএনজি আমদানি এবং উৎপাদন করতে হবে। বর্তমানে আমাদের আভ্যন্তরীণ চাহিদার ২ শতাংশ মেটানো হয় এলপিগিজ মাধ্যমে এবং প্রাপ্তিক পর্ষায় গৃহস্থালি ও শিল্প খাতে এলপিগিজ এবং এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিত করতে হবে। দ্রুততার সঙ্গে এলপিগিজ ও এলএনজি টার্মিনাল স্থাপনে সরকারের প্রতি আহ্বান জানাই।' প্রধান অতিথির বক্তব্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান বলেন, 'সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জরুরি সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে। আশা করা যাচ্ছে, সেখান থেকে দীর্ঘসময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে, এজন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে। করোনা মহামারীকালেও ১০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস জাতীয় গ্রিডে সংযুক্ত করা হয়েছে। অনশোরে সক্ষমতা থাকায় বাপেজের মাধ্যমে অনুসন্ধান কার্যক্রম চালানো অব্যাহত রয়েছে। এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সবাই এর দিকে ঝুঁকছে, এলপিগিজ বাজার প্রায়



১২ লাখ টন এবং ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিগিজ অপারেটর হিসেবে কাজ করছে, তবে ৫৬টি কোম্পানিকে অনুমোদন দেয়া হয়েছে। ছোট ছোট জাহাজে এলপিগিজ আমদানি করায় খরচ বাড়ছে, তবে মাতারবাড়ীতে এলপিগিজ টার্মিনালের কার্যক্রম চালু হলে এ খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে যাবে।' তিনি আরও বলেন, 'দেশীয় শিল্প খাতে এলপিগিজ ব্যবহার এখনও অনেক কম। তবে এলপিগিজ ও এলএনজির টার্মিনাল স্থাপন এবং স্থানীয় উৎপাদন বাড়ানোর মাধ্যমে দাম কমানো সম্ভব। ২০১৯-২০ অর্থবছরে ১০ লাখ মেট্রিক টন এলপিগিজ আমদানি হয়েছিল, যার মধ্যে ১ শতাংশ ব্যবহার হয়েছে শিল্প খাতে এবং সিরামিক, মোটরসাইকেল, বাইকসাইকেল, স্টিল ও চা শিল্পেই বেশি ব্যবহার করা হয়। ইতোমধ্যে এলপিগিজ খাতে প্রায় ৩০ হাজার কোটি টাকার মতো বিনিয়োগ হয়েছে। আনিছুর রহমান আরও বলেন, ব্যবসাবান্ধব হওয়ার জন্য প্রয়োজন হলে নীতিমালা ও আইন সংস্কার করা হবে। এলপিগিজ অপারেটরদের অনুমোদনের জন্য ১৮ ধরনের লাইসেন্স দরকার এবং বাৎসরিক নবায়ন ফি দিতে হয় ১ কোটির বেশি, যা কমানো প্রয়োজন। তিনি আরও বলেন, গ্যাস সংযোগ নিতে তিতাসে সংস্কার কাজ চালানো হচ্ছে। বর্তমানে শিল্প খাতে গ্যাস সংযোগ নিতে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয় না।' বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, 'বর্তমানে আমাদের গ্যাসের রিজার্ভ ৬টি সিএফ এবং সারাদেশে গ্যাস অনুসন্ধানের জন্য যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন ছিল, সেগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা যায়নি। তিনি জানান, বর্তমানে ৩৩০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদিত গ্যাসের ৭৪ শতাংশ আসে নিজস্ব খাত থেকে বাকি ২৬ শতাংশ আসে এলএনজি থেকে এবং এ অবস্থা চলতে থাকলে ২০৩০ সালে দেশীয় উৎপাদন হবে ১৬.৫ শতাংশ এবং আমদানি খাত থেকে আসবে ৮৩ শতাংশ, সেক্ষেত্রে শিল্প

খাতসহ সব খাতে ব্যয় বাড়বে। এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর কোন বিকল্প নেই। এক্ষেত্রে সরকারের সঙ্গে বেসরকারি খাতকে এগিয়ে আসতে হবে। এছাড়া অনুসন্ধানের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ অত্যন্ত আবশ্যিক এবং এ কাজে একটা মানসম্মত ডাটা সেন্টার উন্মুক্ত করা খুবই জরুরি।' মকবুল এলাহী আরও বলেন, 'গ্যাস ব্যবহারে মিটার ব্যবস্থা নিশ্চিত করা গেলে, সিস্টেম লস ও চুরি কমানো যেত, যার মাধ্যমে আরও ১০-১২ লাখ মিটার গ্যাস কাজে লাগানো যাবে। সেই সঙ্গে দুর্ঘটনা রোধ করা সম্ভব হবে। এলপিগিজ পরিবেশ ও স্বাস্থ্যবান্ধব এবং আমাদের দেশে বর্তমানে ১.২ মিলিয়ন টন এলপিগিজ ব্যবহৃত হচ্ছে। গত এপ্রিল মাসে এলপিগিজ দাম নির্ধারণে প্রথমবার একটি সমন্বিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং জুলাই মাসের ৭/৮ তারিখে এলপিগিজ দাম পুনঃবিবেচনার বৈঠক শুরু হবে। এলপিগিজ দাম নিম্নমধ্যবিত্তের নাগালে নিয়ে আসা সম্ভব হলে ২০২৫ সালে ৩ মিলিয়ন টন এলপিগিজ বাংলাদেশে বিক্রি হবে।' পেট্রোবাংলার গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেডের সাবেক পরিচালক (অপারেশন) ইঞ্জিনিয়ার বন্দকার সালেহ সুফী ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, 'বাংলাদেশের শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি হলো এলপিগিজ ও এলএনজি। শিল্প খাতে প্রাথমিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকল্পে আমাদের প্রাকৃতিক গ্যাস ব্যবহারের যৌক্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। গ্যাস অনুসন্ধান বর্তমানে বাংলাদেশের গৃহীত পদক্ষেপসমূহ যুগোপযোগী নয় এবং অনুসন্ধানের ক্ষেত্রে সারা পৃথিবীতে বাংলাদেশ ৩০তম স্থানে রয়েছে। সহনশীল দামে এলপিগিজ এবং এলএনজি সরবরাহের লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন করতে হবে।' অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বিজিএমইএ'র সভাপতি ফারুক হাসান, বাংলাদেশ স্টিল ম্যানুফেকচার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইঞ্জিনিয়ারিং

ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. এম শামসুল আলম এবং ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক মো. শাহরিয়ার আহমেদ চৌধুরী অংশগ্রহণ করেন। অধ্যাপক মো. শাহরিয়ার আহমেদ চৌধুরী বলেন, '২০৫০ সাল নাগাদ সারাবিশ্বে মোট বিদ্যুৎ উৎপাদনের ৮৫ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎস হতে আসবে, যেখানে বাংলাদেশে ২০৪১ সালের মধ্যে মোট বিদ্যুতের ৩০ শতাংশ নবায়নযোগ্য খাত হতে আসার পরিকল্পনা রয়েছে।

বাংলাদেশ স্টিল ম্যানুফেকচার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন বলেন, 'জ্বালানির জন্য শুধুমাত্র একটি উৎসের ওপর নির্ভরশীল হওয়া উচিত নয়। সে লক্ষ্যে বিভিন্ন খাত হতে জ্বালানি উৎপাদন ও জ্বালানির বহুমুখীকরণের ওপর আরও বেশি হারে গুরুত্বারোপ করা প্রয়োজন।' এছাড়া তিনি বাপেজকে আরও আধুনিকায়ন করা দরকার বলে মত প্রকাশ করেন। তিনি বলেন, 'দেশের পশ্চিমাঞ্চলে চাহিদার তুলনায় গ্যাসের সরবরাহ কম থাকায় সে অঞ্চলে আশানুরূপ শিল্পায়ন হচ্ছে না।' অধ্যাপক ড. এম শামসুল আলম বলেন, 'জ্বালানির দাম নির্ধারণের বিষয়ে সবাইকে আরও প্রতিযোগী সক্ষম হতে হবে এবং ভোক্তা পর্ষায় জ্বালানি মূল্যের যৌক্তিকীকরণ ও ক্ষেত্রবিশেষে মূল্যহ্রাসের আহ্বান জানান। তবে ভবিষ্যৎ শিল্পায়নের স্বার্থে আমাদের প্রাকৃতিক গ্যাসকে আরও বেশি প্রধান্য দেয়া প্রয়োজন।' বিজিএমইএ'র সভাপতি ফারুক হাসান বলেন, 'তৈরি পোশাক ও ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্প খাতে গ্যাস অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং টেক্সটাইল, ডাইং, স্পিনিং প্রভৃতি খাতে দেশের ৭-৮ শতাংশ গ্যাস ব্যবহৃত হয়। গত ১০ বছরে আমাদের গ্যাস সরবরাহ বেড়েছে ৭৫৪ বিলিয়ন কিউবিক ফিট থেকে ৯৭৫ বিলিয়ন কিউবিক ফিটে।' বিজিএমইএ সভাপতি আরও উল্লেখ করেন, 'তৈরি পোশাক খাতে এলপিগিজ ও এলএনজি স্বল্পমেয়াদি সমাধান হতে পারে। আমাদের ১৪৪টি লিড গ্রিন ফ্যাক্টরি রয়েছে এবং আরও ৫০০টির বেশি ফ্যাক্টরি অনুমোদনের অপেক্ষায় রয়েছে, গ্রিন ফ্যাক্টরিগুলো নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারকে অধিক গুরুত্ব দিয়ে থাকে।' ডিসিসিআই পরিচালক আরমান হক, সাবেক পরিচালক নূহের জতিফ খান, আহ্বায়ক মালিক তালহা ইসমাইল বারী মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। ডিসিসিআই উদ্বর্তন সহ-সভাপতি এনকেএ মবিন ধন্যবাদ জ্ঞাপন করেন। ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেনসহ পরিচালনা পর্ষদের সদস্যরা ওই ওয়েবিনারে অংশগ্রহণ করেন।



# শেয়ার বিজ

সৃজনের পথে উন্নত স্বদেশ

২০ জুন, ২০২১ রবিবার

ঢাকা চেম্বারের ওয়েবিনারে বক্তারা

## প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানই জ্বালানি নিরাপত্তার অন্যতম উপায়

নিজস্ব প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজনে ‘বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ: এলপিগিজ এবং এলএনজি’ শীর্ষক ওয়েবিনার গতকাল অনুষ্ঠিত হয়। এতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. আনিছুর রহমান ও বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগ দেন।

ওয়েবিনারের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ৫ দশকে শিল্প খাতের গতিধারাকে চলমান রাখতে প্রাকৃতিক গ্যাস জ্বালানির অন্যতম উপাদান হিসেবে ভূমিকা পালন করেছে। তবে আমাদের অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এতে প্রায়ই শিল্প খাতে জ্বালানি সংকট দেখা যাচ্ছে। তিনি উল্লেখ করেন, সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্প খাতের চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোনো বিকল্প নেই। সেই সঙ্গে এ খাতে পরিকল্পিত উপায়ে পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত করতে হবে। শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বৃদ্ধির পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগিজ ও এলএনজি আমদানি এবং উৎপাদনের ওপর আরও বেশি গুরুত্ব দিতে হবে।

আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং সিলেটের জকিগঞ্জে সর্বশেষ কার্যক্রম পরিচালিত হচ্ছে, আশা করা যাচ্ছে, সেখান থেকে দীর্ঘসময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে। এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে। তিনি বলেন, করোনা মহামারিকালীন সময়েও ১০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস জাতীয় গ্রিডে সংযুক্ত করা হয়েছে। তিনি জানান, অনশোরে সক্ষমতা থাকায় বাপেক্সের মাধ্যমে অনুসন্ধান কার্যক্রম চালানো অব্যাহত রয়েছে।

মকবুল-ই-ইলাহী চৌধুরী বলেন, বর্তমানে আমাদের গ্যাসের রিজার্ভ ৬ টিসিএফ এবং সারাদেশে গ্যাস অনুসন্ধানের জন্য যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন ছিল, সেগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা যায়নি। তিনি জানান, বর্তমানে ৩ হাজার ৩০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদিত গ্যাসের ৭৪ শতাংশ আসে নিজস্ব খাত থেকে। বাকি ২৬ শতাংশ আসে এলএনজি থেকে। এ অবস্থা চলতে থাকলে ২০৩০ সালে দেশীয় উৎপাদন হবে মাত্র ১৬ দশমিক ৫ শতাংশ এবং আমদানি খাত থেকে আসবে ৮৩ শতাংশ। সে ক্ষেত্রে শিল্প খাতসহ সব খাতে ব্যয় বাড়বে। এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর কোনো বিকল্প নেই বলে তিনি মত প্রকাশ করেন।

পেট্রোবাংলা’র গ্যাস ট্রান্সমিশন কোম্পানির সাবেক পরিচালক (অপারেশন) ইঞ্জিনিয়ার খন্দকার সালেহ সুফী ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, বাংলাদেশের শিল্প খাতের ভবিষ্যৎ জ্বালানি হলো

এলপিগিজ ও এলএনজি। তিনি উল্লেখ করেন, শিল্প খাতে প্রাথমিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকল্পে আমাদের প্রাকৃতিক গ্যাস ব্যবহারের যৌক্তিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে। তিনি আরও বলেন, গ্যাস অনুসন্ধান বর্তমানে বাংলাদেশের গৃহীত পদক্ষেপগুলো যুগোপযোগী নয় এবং অনুসন্ধানের ক্ষেত্রে সারা পৃথিবীতে বাংলাদেশের ৩০তম স্থানে রয়েছে। সহনীয় দামে এলপিগিজ এবং এলএনজি সরবরাহের লক্ষ্যে অবকাঠামো উন্নয়নের ওপর জোরারোপ করেন তিনি। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় বিজিএমইএর সভাপতি ফারুক হাসান, বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. এম শামসুল আলম এবং ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক মো. শাহরিয়ার আহমেদ চৌধুরী অংশ নেন।

শাহরিয়ার আহমেদ চৌধুরী বলেন, ২০৫০ সাল নাগাদ সারাবিশ্বে মোট বিদ্যুৎ উৎপাদনের ৮৫ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎস থেকে আসবে, যেখানে বাংলাদেশে ২০৪১ সালের মধ্যে মোট বিদ্যুতের ৩০ শতাংশ নবায়নযোগ্য খাত থেকে নিশ্চিত করার পরিকল্পনা রয়েছে। বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান আমের আলী হোসেন বলেন, জ্বালানির জন্য শুধু একটি উৎসের ওপর নির্ভরশীল হওয়া উচিত নয়। এক্ষেত্রে বিভিন্ন খাত থেকে জ্বালানি উৎপাদন ও জ্বালানির বহুমুখীকরণের ওপর আরও বেশি হারে গুরুত্বারোপ করা প্রয়োজন। এছাড়া তিনি বাপেক্সকে আরও আধুনিকায়ন করার বিষয়ে মত দেন।

অধ্যাপক ড. এম শামসুল আলম বলেন, জ্বালানির দাম নির্ধারণের বিষয়ে সবাইকে আরও প্রতিযোগী সক্ষম হতে হবে এবং ভোক্তা পর্যায়ে জ্বালানি মূল্যের যৌক্তিকীকরণ ও ক্ষেত্রবিশেষে মূল্য হ্রাস করতে হবে। তবে ভবিষ্যৎ শিল্পায়নের স্বার্থে আমাদের প্রাকৃতিক গ্যাসকে আরও বেশি প্রাধান্য দেয়া প্রয়োজন।

বিজিএমইএর সভাপতি ফারুক হাসান বলেন, তৈরি পোশাক ও ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্প খাতে গ্যাস অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং টেক্সটাইল, ডায়িং, স্পিনিং প্রভৃতি খাতে দেশের ৭ থেকে ৮ শতাংশ গ্যাস ব্যবহৃত হয়। তিনি বলেন, গত ১০ বছরে আমাদের গ্যাস সরবরাহ বেড়েছে ৭৫৪ বিলিয়ন কিউটিক ফিট থেকে ৯৭৫ বিলিয়ন কিউবিক ফিটে। বিজিএমইএ সভাপতি আরও উল্লেখ করেন, তৈরি পোশাক খাতে এলপিগিজ ও এলএনজি স্বল্পমেয়াদি সমাধান হতে পারে। তিনি জানান, আমাদের ১৪৪টি লিড গ্রিন ফ্যাক্টরি রয়েছে এবং আরও ৫০০টির বেশি ফ্যাক্টরি অনুমোদনের অপেক্ষায় রয়েছে। গ্রিন ফ্যাক্টরিগুলো নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারকে অধিক গুরুত্ব দেয়।

ডিসিসিআই পরিচালক আরমান হক, সাবেক পরিচালক নূহের লতিফ খান, আত্মায়ক মালিক তালহা ইসমাইল বারী মুক্ত আলোচনায় অংশ নেন। ডিসিসিআই উর্ধ্বতন সহসভাপতি এনকেএ মবিন ধন্যবাদ জ্ঞাপন করেন। ডিসিসিআই সহসভাপতি মনোয়ার হোসেনসহ পরিচালনা পর্ষদের সদস্যরা ওয়েবিনারে অংশ নেন।





ঢাকা চেম্বারের সেমিনারে জানালেন বিইআরসি সদস্য

## দেশে গ্যাসের রিজার্ভ ৬ টিসিএফ

## ● নিজস্ব প্রতিবেদক

বর্তমানে দেশে গ্যাসের রিজার্ভ ৬ টিসিএফ (ট্রিলিয়ন কিউবিক ফিট)। তা ছাড়া এখন ৩৩০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদিত গ্যাসের ৭৪ শতাংশ আসে নিজস্ব খাত থেকে বাকি ২৬ শতাংশ আসে এলএনজি থেকে। এ অবস্থা চলতে থাকলে ২০৩০ সালে দেশীয় উৎপাদন হবে ১৬.৫ শতাংশ এবং আমদানি খাত থেকে আসবে ৮৩ শতাংশ, সে ক্ষেত্রে শিল্প খাতসহ সব খাতে ব্যয় বাড়বে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিগিজ এবং এলএনজি’ শীর্ষক ওয়েবিনারে এসব তথ্য জানান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী। তিনি বলেন, এমন বাস্তবতায় অনুসন্ধান কার্যক্রম বাড়ানোর কোনো বিকল্প নেই এবং এ ক্ষেত্রে সরকারের সঙ্গে বেসরকারি খাতকে এগিয়ে আসতে হবে।

ওয়েবিনারে অন্যান্য বক্তারা বলেন, দেশের ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তায় প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানের বিকল্প নেই। শিল্প খাতে দিন দিন বাড়ছে গ্যাসের চাহিদা। তাই চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বৃদ্ধির পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগিজ ও এলএনজি আমদানি এবং উৎপাদনের ওপর আরও বেশি হারে গুরুত্ব দিতে হবে।

শনিবার অনুষ্ঠিত ওয়েবিনারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী প্রধান ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

ওয়েবিনারের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ৫ দশকে শিল্প খাতের গতিধারাকে চলমান রাখতে প্রাকৃতিক গ্যাস জ্বালানির অন্যতম যোগদান হিসেবে ভূমিকা পালন করেছে, তবে আমাদের অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধির কারণে প্রায়ই শিল্প খাতে জ্বালানি সঙ্কট দেখা যাচ্ছে। তিনি উল্লেখ করেন, সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে

হলে শিল্প খাতের চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোনো বিকল্প নেই, সেই সঙ্গে এ খাতে পরিকল্পিত উপায়ে পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, বর্তমানে আমাদের অভ্যন্তরীণ চাহিদার ২ শতাংশ মোটানো হয় এলপিগিজ মাধ্যমে এবং প্রান্তিক পর্যায়ে গৃহস্থালি ও শিল্প খাতে এলপিগিজ এবং এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে, পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিতকরণের আহ্বান জানান ঢাকা চেম্বারের সভাপতি।

প্রধান অতিথির বক্তব্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জকিগঞ্জে সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে, আশা করা যাচ্ছে, সেখান থেকে

দীর্ঘ সময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে, এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে। তিনি বলেন, করোনা মহামারিকালীন ১০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস জাতীয় খিডে সংযুক্ত করা হয়েছে। তিনি উল্লেখ করেন, এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সবাই এর দিকে ঝুঁকছে, এলপিগিজ বাজার প্রায় ১২ লাখ টন এবং ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিগিজ অপারেটর হিসেবে কাজ করছে, তবে ৫৬টি কোম্পানিকে অনুমোদন দেওয়া হয়েছে।

তিনি বলেন, এ ছাড়াও অনুসন্ধানের জন্য দীর্ঘময়াদি পরিকল্পনা গ্রহণ অত্যন্ত আবশ্যিক এবং এ কাজে একটা মানসম্মত ডাটা সেন্টার উন্মুক্ত করা

খুবই জরুরি তিনি অভিহিত করেন। মকবুল এলাহী বলেন, গ্যাস ব্যবহারে মিটার ব্যবস্থা নিশ্চিত করা গেলে, সিস্টেম লস ও চুরি কমানো যেত, যার মাধ্যমে আরও ১০-১২ লাখ মিটার গ্যাস লাগানো যাবে, সেই সঙ্গে দুর্ঘটনা রোধ করা সম্ভব হবে। তিনি জানান, এলপিগিজ পরিবেশ ও স্বাস্থ্যবান্ধব এবং আমাদের দেশে বর্তমানে ১.২ মিলিয়ন টন এলপিগিজ ব্যবহৃত হচ্ছে। তিনি আরও জানান, গত এপ্রিল মাসে এলপিগিজ দাম নির্ধারণে প্রথমবারের একটি সমন্বিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং জুলাই মাসের ৭ বা ৮ তারিখে এলপিগিজ দাম পুনর্বিবেচনার বৈঠক শুরু হবে। এলপিগিজ দাম নিম্ন মধ্যবিত্তের শ্রেণির নাগালে নিয়ে আসা সম্ভব হলে, ২০২৫ সালে ৩ মিলিয়ন টন এলপিগিজ বাংলাদেশে বিক্রি হবে বলে তিনি মত প্রকাশ করেন।

বর্তমানে ৩৩০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাসের মধ্যে নিজস্ব উৎপাদিত গ্যাসের ৭৪ শতাংশ আসে নিজস্ব খাত থেকে; বাকি ২৬ শতাংশ আসে এলএনজি থেকে

২০৩০ সালে দেশীয় উৎপাদন হবে ১৬.৫ শতাংশ এবং আমদানি খাত থেকে আসবে ৮৩ শতাংশ

জ্বালানি নিরাপত্তায় প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানের বিকল্প নেই





# আজকালের খবর

২০ জুন, ২০২১ রবিবার

## জ্বালানি নিরাপত্তায় গ্যাস সঙ্কানে জোর

● অর্থনৈতিক প্রতিবেদক

দেশে ভবিষ্যতের জ্বালানি নিরাপত্তায় গ্যাসের অনুসন্ধানে জোর দিয়েছে সরকার। শিল্পখাতে চাহিদা মারফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বৃদ্ধির পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগ্যাস ও এলএনজি আমদানি এবং উৎপাদনের উপর আরো বেশি হারে গুরুত্বারোপের আহ্বান জানিয়েছেন সংশ্লিষ্টরা। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

DCCI



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

চৌধুরী, বিজিএমইএ সভাপতি ফারুক হাসানসহ শিল্পোদ্যোক্তা ও ডিসিসিআই নেতারা।

স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রহমান বলেন, গত পাঁচ দশকে শিল্পখাতের গতিধারাকে চলমান রাখতে প্রাকৃতিক গ্যাস জ্বালানির অন্যতম যোগদান হিসেবে ভূমিকা পালন করেছে, তবে

পৃষ্ঠা ২ কলাম ৭

আমাদের অর্থনৈতিক কার্যক্রমের সম্প্রসারণের ফলে জ্বালানির চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধির কারণে প্রায়ই শিল্পখাতে জ্বালানি সংকট দেখা যাচ্ছে। তিনি উল্লেখ করেন, সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্পখাতের চাহিদামত জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোন বিকল্প নেই, সেই সঙ্গে এখাতে পরিকল্পিত উপায়ে পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত করতে হবে।

বর্তমানে আমাদের আভ্যন্তরীণ চাহিদার দুই শতাংশ মেটানো হয় এলপিগ্যাসের মাধ্যমে এবং প্রান্তিক পর্যায়ে গৃহস্থালী ও শিল্পখাতে এলপিগ্যাস এবং এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে, পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিতকরণের আহ্বান জানান ঢাকা চেম্বারের সভাপতি। তিনি দ্রুততার সাথে এলপিগ্যাস ও এলএনজি টার্মিনাল স্থাপনে সরকারের প্রতি আহ্বান জানান, পাশাপাশি এখাতের সার্বিক উন্নয়নে একটি সমন্বিত টেকসই কর্মপরিকল্পনা প্রণয়নের জোরারোপ করেন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জরুরি সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে, আশা করা যাচ্ছে, সেখান থেকে দীর্ঘসময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে, এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে। তিনি বলেন, করোনা মহামারীকালীন সময়েও ১০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস জাতীয় গ্রিডে সংযুক্ত করা হয়েছে। তিনি জানান, অনশোরে সক্ষমতা থাকায় বাপেক্সের মাধ্যমে অনুসন্ধান কার্যক্রম চালানো অব্যাহত রয়েছে। তিনি উল্লেখ করেন, এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সকলেই এর দিকে ঝুঁকছে, এলপিগ্যাসের বাজার প্রায় ১২ লক্ষ টন এবং ২৯টি কোম্পানী স্থানীয় বাজারে এলপিগ্যাস অপারেটর হিসেবে কাজ করছে, তবে ৫৬টি কোম্পানীকে অনুমোদন দেওয়া হয়েছে। তিনি জানান, ছোট ছোট জাহাজে এলপিগ্যাস আমদানি করায় খরচ বাড়ছে, তবে মাতারবাড়ীতে এলপিগ্যাস টার্মিনালের কার্যক্রম চালু হলে, এ খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে যাবে বলে, তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, দেশীয় শিল্পখাতে এলপিগ্যাসের ব্যবহার এখনও অনেক কম, তবে এলপিগ্যাস ও এলএনজির টার্মিনাল স্থাপন এবং স্থানীয় উৎপাদন বাড়ানোর মাধ্যমে দাম কমানো সম্ভব। তিনি জানান, ২০১৯-২০ অর্থবছরে ১০ লক্ষ মেট্রিকটন এলপিগ্যাস আমদানী হয়েছিল, যার মধ্যে এক শতাংশ ব্যবহার হয়েছে শিল্পখাতে এবং সিরামিক, মটর সাইকেল, বাইকসাইকেল, স্টিল ও চা শিল্পেই বেশি ব্যবহার করা হয়।

তিনি জানান, ইতোমধ্যে এলপিগ্যাস খাতে প্রায় ৩০ হাজার কোটি টাকার মত বিনিয়োগ হয়েছে। ব্যবসা বান্ধব হওয়ার জন্য প্রয়োজন হলে নীতিমালা ও আইন সংস্কার করা হবে। এলপিগ্যাস অপারেটরদের অনুমোদনের জন্য ১৮ ধরনের লাইসেন্স দরকার এবং বাৎসরিক নবায়ন ফি দিতে হয় এক কোটির বেশি, যা কমানো প্রয়োজন। তিনি আরো বলেন, গ্যাস সংযোগ নিতে তিতাসে সংস্কার কাজ চালানো হচ্ছে, বর্তমানে শিল্পখাতে গ্যাস সংযোগ নিতে দীর্ঘসময় অপেক্ষা করতে হয় না এবং পরিকল্পিত শিল্প অঞ্চলে শিল্প-কারখানা স্থাপনে উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। মো. আনিসুর রহমান বলেছেন, কেউ গ্যাস চুরি করে ব্যবহার করবেন, আর কেউ বৈধভাবে টাকা দিয়েও গ্যাস পাবেন না এটা হতে পারে না। কোনো কারচুপি সহ্য করা হবে না। যারা অবৈধ সংযোগ নেবেন, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। তিনি বলেন, আপনারা পরিবেশবান্ধব শ্রেটিং নিয়ে কারখানা তৈরি করবেন। সেখানে হাজার হাজার কোটি টাকার বিনিয়োগ, কোটি কোটি টাকার রেভিনিউ অর্জন। এরপরেও কীভাবে আপনারা গ্যাস লাইন নিয়েও কারচুপির আশ্রয় নেন।



২০ জুন, ২০২১ রবিবার

প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানই ভবিষ্যতের  
জ্বালানি নিরাপত্তার অন্যতম উপায়

জুস্ট এলপিজি,এলএনজি টার্মিনাল স্থাপনে আহবান তিসিনিআই সভাপতিত



০৫. **আশুভক্ষয়প্রাচীন** : ত্রিপিণ্ডিত্য বহুপত্রি তির্য্যকপন প্রাচীন বসন, পত্র ও কলকেশিকায়ে পটিলকালক বসন। যাকস প্রাচীনক পাসে কুলসির জাকরম সোমকাল কিসেসে ত্রিপিণ্ড শাসন কয়ে। তবে অকালক অকিণ্ডিত কাকিণ্ডের সম্প্রদায়ের কসে কুলসির কৈলি প্রকিণ্ডিত বুদ্ধি কয়ে। কয়ে শিকলক কুলসি ককটি কলা কয়ে। ককি প্রকালক কয়ে কৈলি ও কৈলি কৈলি কুলসি ককি কয়ে।

ଆହୁରି ଜାଣନ୍ତୁ, ନିମ୍ନଲିଖିତ ଏକାଡେମି ନିର୍ଦ୍ଦିଷ୍ଟ ଡିଗ୍ରୀରେ ଏକଟି  
ନିର୍ଦ୍ଦିଷ୍ଟ ଡିଗ୍ରୀର ଅନୁମତିପ୍ରାପ୍ତ ଶିକ୍ଷକଙ୍କ ଦ୍ଵାରା ଗ୍ରହଣ କରାଯିବ ।

শখিনার মতো মেয়েকে আর কারো মতোই ইচ্ছা (ডিসিপিলাইন) আরোপিত এক প্রক্রিয়ার দ্বিধা এক সময় বসলো। মজারিমে ছুটিদিনে ও খবির সম্পদ বিভাগের পরিচালক সচিব হু। অস্বাভাবিক প্রচেষ্টা এবং প্রচেষ্টাগুলি একটি প্রচেষ্টারই পরিণতির ফল। হু, মজারিমে-ই ইচ্ছা (ডিসিপিলাইন) হু।

[illegible]

**গণ্য পুষ্টি পত্র:** তিনি জানান, বাংলাদেশ সরকার পানীয় বায়ুতেও কঠোর নিয়ন্ত্রণ আরম্ভ করেছে। কঠোরভাবে প্রত্যেক এলাকায় পুষ্টি স্বাস্থ্য পরিদপ্তর স্থাপন করে এলাকা পরিদর্শন করছে। প্রতি ১৫ দিনে পানীয় বায়ুতে কঠোর নিয়ন্ত্রণ আরম্ভ করেছে। তিনি বলেন, প্রতি ১৫ দিনে পরিদর্শন করে পানীয় বায়ুতে কঠোর নিয়ন্ত্রণ আরম্ভ করেছে। তিনি বলেন, প্রতি ১৫ দিনে পরিদর্শন করে পানীয় বায়ুতে কঠোর নিয়ন্ত্রণ আরম্ভ করেছে।

[illegible][illegible][illegible][illegible][illegible]



# আমাদের সময়

২০ জুন, ২০২১ রবিবার

## জ্বালানি খাত ব্যবসাবান্ধব করতে প্রয়োজনে আইনের সংস্কার

নিজস্ব প্রতিবেদক •

জ্বালানি খাতকে ব্যবসাবান্ধব হওয়ার জন্য প্রয়োজন হলে নীতিমালা ও আইন সংস্কারের ইঙ্গিত দিয়েছেন জ্বালানি বিভাগের সিনিয়র সচিব মো. আনিসুর রহমান। তিনি বলেন, 'গ্যাস সংযোগ নিতে তিতাসে সংস্কারকাজ চালানো হচ্ছে। বর্তমানে শিল্প খাতে গ্যাস সংযোগ নিতে দীর্ঘসময় আর অপেক্ষা করতে হয় না। তবে পরিকল্পিত শিল্পাঞ্চলে শিল্পকারখানা স্থাপনে উদ্যোক্তাদের প্রতি আহ্বান থাকবে।'

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিগিজ এবং এলএনজি' শীর্ষক ওয়েবিনারে গতকাল প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। জ্বালানি সচিব বলেন, 'সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জকিগঞ্জে সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে। আশা করা যাচ্ছে— সেখান থেকে দীর্ঘসময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে। এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে।' তিনি বলেন, 'করোনাকালীনও ১০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস জাতীয়

গ্রিডে সংযুক্ত করা হয়েছে। অনশোরে সক্ষমতা থাকায় বাপেব্লের মাধ্যমে অনুসন্ধান কার্যক্রম চালানো অব্যাহত রয়েছে।' এলপিগিজ খাতে ইতোমধ্যে প্রায় ৩০ হাজার কোটি টাকার মতো বিনিয়োগ হয়েছে জানিয়ে সচিব বলেন, 'এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সবাই এর দিকে ঝুঁকছে। এলপিগিজের বাজার প্রায় ১২ লাখ টন এবং

২৯টি কোম্পানি স্থানীয় বাজারে অপারেটর হিসেবে কাজ করছে। ৫৬টি কোম্পানিকে অবশ্য অনুমোদন দেওয়া হয়েছে। ছোট ছোট জাহাজে এলপিগিজ আমদানি করায় খরচ বাড়ছে। তবে মাতারবাড়ীতে এলপিগিজ

টার্মিনালের কার্যক্রম চালু হলে এ খরচ প্রায় এক-তৃতীয়াংশ কমে যাবে। তা ছাড়া দেশীয় শিল্প খাতে এলপিগিজের ব্যবহার এখনো অনেক কম।' তিনি বলেন, 'এলপিগিজ অপারেটরদের অনুমোদনের জন্য ১৮ ধরনের লাইসেন্স দরকার এবং বার্ষিক নবায়ন ফি দিতে হয় এক কোটি টাকারও বেশি, যা কমানো প্রয়োজন।' ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী। স্বাগত বক্তব্য দেন ডিসিসিআইয়ের সভাপতি রিজওয়ান রাহমান।

ওয়েবিনারে আভাস  
জ্বালানি সচিবের



# জোরার কাগজ

২০ জুন, ২০২১ রবিবার

## প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানের বিকল্প নেই

■ ডিসিসিআইয়ের  
ওয়েবিনার

কাগজ প্রতিবেদক : সরকার ঘোষিত ২০২৬ সালের মধ্যে বাংলাদেশকে উন্নয়নশীল দেশের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে শিল্প খাতের চাহিদামতো জ্বালানি সরবরাহ নিশ্চিত করার কোনো বিকল্প নেই, সেই সঙ্গে এ খাতে পরিকল্পিত উপায়ে পরিবেশবান্ধব ব্যবহার নিশ্চিত করতে হবে। শিল্প খাতে চাহিদামাফিক জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান বাড়ানোর পাশাপাশি বিকল্প জ্বালানি হিসেবে এলপিগ্যাস ও এলএনজি আমদানি এবং উৎপাদনের ওপর আরো বেশি হারে গুরুত্বারোপের আহ্বান জানান ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান।

তিনি উল্লেখ করেন, বর্তমানে আমাদের অভ্যন্তরীণ চাহিদার ২ শতাংশ মেটানো হয় এলপিগ্যাস মাধ্যমে এবং প্রান্তিক পর্যায়ে গৃহস্থালি ও শিল্প খাতে এলপিগ্যাস এবং এলএনজির চাহিদার বিষয়টি বিবেচনায় রেখে, পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে স্টোরেজ সুবিধা নিশ্চিতকরণের আহ্বান জানান ঢাকা চেম্বারের এ সভাপতি। তিনি দ্রুততার সঙ্গে এলপিগ্যাস ও এলএনজি টার্মিনাল স্থাপনে সরকারের প্রতি আহ্বান জানান, পাশাপাশি এ খাতের সার্বিক উন্নয়নে একটি সমন্বিত টেকসই কর্মপরিকল্পনা প্রণয়নের

জোরারোপ করেন।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের শিল্প খাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিগ্যাস এবং এলএনজি' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়, যেখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্য (গ্যাস) মো. মকবুল-ই-ইলাহী চৌধুরী যথাক্রমে প্রধান ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. আনিছুর রহমান বলেন, সরকার গ্যাস অনুসন্ধান কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং জরিপে সর্বশেষ কার্যক্রম চালানো হচ্ছে, আশা করা যাচ্ছে, সেখান থেকে দীর্ঘ সময় ধরে গ্যাস উত্তোলন করা সম্ভব হবে, এর জন্য প্রায় ৩২ কিলোমিটার দীর্ঘ একটি পাইপলাইন স্থাপন করতে হবে।

তিনি বলেন, করোনা মহামারি চলার সময়েও ১০০ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস জাতীয় গ্রিডে সংযুক্ত করা হয়েছে। তিনি উল্লেখ করেন, এলএনজি ব্যবসায় ঝুঁকি কম থাকায় বর্তমানে সবাই এর দিকে ঝুঁকছে, এলপিগ্যাস বাজার প্রায় ১২ লাখ টন এবং ২৯টি কোম্পানি স্থানীয় বাজারে এলপিগ্যাস অপারেটর হিসেবে কাজ করছে, তবে ৫৬টি কোম্পানিকে অনুমোদন দেয়া হয়েছে।